



"শিক্ষা নিয়ে গড়ব দেশ"
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-৪
(www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৪২.১৭-০৫

তারিখ: ২১ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
৫ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৮ সালের আলিম পরীক্ষায় পরীক্ষার্থীদের অসদুপায় অবলম্বনে সহায়তার অভিযোগে অভিযুক্ত ০৩ জন প্রভাষক যথাক্রমে জনাব আব্দুল ওহাব (ইনডেক্স নং- ২১১৯৫৯৬), জনাব মোঃ নাছির উদ্দিন (ইনডেক্স নং- ২১০০২০১) মমতাজ আখতার (ইনডেক্স নং-৩৪৯৩০৭) এর স্থগিতকৃত বেতন-ভাতাদির (এমপিও) স্থগিতাদেশ প্রত্যাহারের নিমিত্ত উক্ত ০৩ জনের দাখিলকৃত আবেদন (অঞ্জীকারনামা) সংক্রান্ত।

- সূত্র: ১. জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এর স্মারক নং-০৫.৪১.৯৩০০.০১৮.১৫.১০২.২০.২১৪, তারিখ: ১.১২.২০খ্রি।
২. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৪২.১৭-৯৫, তারিখ: ২৮.০৭.২০২০খ্রি।
৩. উক্ত মাদরাসার ০৩ জন শিক্ষক কর্তৃক প্রদত্ত অঞ্জীকারনামা, তারিখ : ০৩.০১.২০২১ খ্রি:।
৪. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.(৪).১৯-৩০৪(ক), তারিখ :২৬.০৯.১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার সদর উপজেলাধীন (১) টাঙ্গাইল দারুল উলুম কামিল মাদ্রাসা (২) কোরেশনগর ফাযিল মাদ্রাসা (৩) খারজানা হোসাইনিয়া আলিম মাদ্রাসার ০৩ জন প্রভাষক যথাক্রমে জনাব আব্দুল ওহাব (ইনডেক্স নং- ২১১৯৫৯৬), জনাব মোঃ নাছির উদ্দিন (ইনডেক্স নং- ২১০০২০১) এবং মমতাজ আখতার (ইনডেক্স নং-৩৪৯৩০৭) এর বিরুদ্ধে পরীক্ষায় অনিয়মে সহযোগীতার অপরাধে এমপিও স্থগিত করা হয়।

০২ এমপিও এর সাময়িক স্থগিতাদেশ প্রত্যাহারের নিমিত্ত উক্ত ০৩ জন প্রভাষক কর্তৃক ০৩ জানুয়ারি, ২০২১ খ্রিঃ তারিখে কারিগরি ও মাদ্রাসা বিভাগে উপস্থিত হয়ে একটি অঞ্জীকারনামা প্রদান করা হয়েছে।

০৩. উক্ত অঞ্জীকার নামায় ০৩ জন শিক্ষক কর্তৃক যে সকল অঞ্জীকার করা হয়েছে তা নিম্নরূপ:


ক) আমাদের নিজেদের ক্রুটির কারনে এমপিও বন্ধ হওয়া এবং দীর্ঘদিন যাবৎ এমপিও বন্ধ থাকায় কর্তৃপক্ষ সন্তুষ্ট হয়ে জানুয়ারি/২০২১ মাস হতে আমাদের এমপিও চালু হলে আমাদের কোন আপত্তি নেই।

খ) জুলাই/২০১৮ মাস হতে ডিসেম্বর/২০২০ পর্যন্ত সময়ের আমরা কোন বকেয়া দাবি করবো না।

গ) যে ক্রুটির কারনে আমাদের এমপিও বন্ধ হয়েছিল ভবিষ্যতে উক্ত ক্রুটির পুনরাবৃত্তি করবো না।

০৪. উক্ত অঞ্জীকারনামা গ্রহণক্রমে অঞ্জীকারনামার শর্তে উক্ত ০৩ জন শিক্ষকের এমপিও চালু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৫. এমতাবস্থায় অভিযুক্ত ০৩ জন প্রভাষক ১। জনাব আব্দুল ওহাব (ইনডেক্স নং-২১১৯৫৯৬), ২। জনাব মোঃ নাছির উদ্দিন (ইনডেক্স নং- ২১০০২০১) এবং ৩। মমতাজ আখতার (ইনডেক্স নং-৩৪৯৩০৭) এর এমপিও চালুক্রমে ২০/০১/২০২১ খ্রি: তারিখের মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়'কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পরবর্তীতে দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ১৭২-১৭৪ নং নির্দেশ অনুসরণক্রমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।


৫/১/২০২১
(সুলতানা আক্তার)

সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-৪)

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

গার্লস গাইস হাউস (৭ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা।

অনুলিপি:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।